দৈনিক ইত্তেফাক

তারিখ 09 JUN 1997
পৃষ্ঠা ২ কলাম 2

12

# কারিগরি শিক্ষানীতি প্রণয়নে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ২৬ দফা

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (রবিবার) ইনষ্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক এ, কে, এম, এ, হাম্মিদ বলেন, আমরা কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সম্প্রসারণ সম্পর্কে জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটির নিকট ২৬ দফা সুপারিশ পেশ করিয়াছি। সুপারিশমালার মধ্যে উল্লেখযোগ্য হইলঃ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে শতকরা ৯৫ ভাগ ছাত্র-ছাত্রীকে উচ্চ শিক্ষার আওতায় আনিয়া কর্মসংস্থানের সুযোগদানের জন্য শিক্ষানীতি প্রণয়ন করিতে হইবে। দেশের বর্তমান বিভিন্নমুখী শিক্ষাকে একই পদ্ধতির শিক্ষা ব্যবস্থার আওতায় আনিতে হইবে। দেশের সামগ্রিক শিক্ষার মূল দর্শন হইতে হইবে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক, যাহাতে ছেলে-মেয়েরা আত্মকর্মসংস্থানের সুযোগ লাভ করিতে পারে। দেশের সকল হাইস্কুলের শাখা হিসাবে বা পৃথকভাবে ভিলেজ ভোকেশনাল স্থাপন করিতে হইবে। "সবার জন্য স্বাস্থ্য" এই শ্লোগানকে বাস্তবে রূপদান করার জন্য পূর্বের ন্যায় চিকিৎসা ক্ষেত্রে এল, এম, এফ শিক্ষা কোর্স চালু করিতে হইবে।

বিলুপ্ত লেদার টেকনোলজিতে ডিপ্লোমা কোর্স অবিলম্বে চালু করিতে হইবে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আই,ডি,ই-র সভাপতি রফিকুল ইসলাম ভুঞা, আন্তর্জাতিক সম্পাদক কাজী লুৎফুল কবীর ও মৃধা নজরুল ইসলাম।